# মাননীয় ইউ.পি. চেয়ারম্যানে'র বাণী-



মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড এর সূবর্ণ জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশশিত হচ্ছে জেনে আমি ব্যাক্তিগত ভাবে অত্যন্ত আনান্দিত। এ ধরণের একটি স্মরণীয় ও ঐতিহাসিক মুহুর্তের সাক্ষ্য বহন করতে পারার জন্য নিজেকে গর্বিত মনে করছি।

সমবায় আজ দারিদ্রবিমোচন, আত্মনির্ভরশীল, অর্থনৈতিক উন্নয়ন, সামাজিক বারসাম্য রক্ষাসহ পৃথিবীর নানাবিধসমস্যা সমাধানে চালিকাশক্তি হিসেবে প্রতিষ্ঠিত। এই সমিতিটি শুধুমাত্র অর্থনৈতিক কর্মকান্ডে নয়, পাশাপাশী এলাকার যুবক বুবতীদের কর্মসংস্থান সৃষ্টি, স্বাস্থ্যসেবা প্রদান, শিশুদের দীর্ঘমেয়াদী সহ বিভিন্ন সঞ্চয় প্রকল্পের চলমান প্রক্রিয়া সত্যিই প্রশংসার যোগ্য। নিরব অথচ গৌরবময় এসকল কর্মকান্ড দেশ ও জাতির সত্যিকার কল্যানে অভুতপূর্ব ভূমিকা রেখে চলছে বলে আমি ব্যাক্তিগত ভাবে বিশ্বাস করি প্রতিষ্ঠাকাল থেকে বর্তমান পর্যন্ত যাদের ঐক্লান্তিক পরিশ্রম, মেধা, ত্যাগস্বীকার ও অব্যাহত প্রচেষ্টার মাধ্যমে সমিতিটি আজ এ পর্যায় এসেছে সে সকল উদ্যোগতা, কর্মকর্তা ও কর্মীবৃন্দ সহ সংশ্লিষ্ট সকলকে স্মরন করছি এবং সাধুবাদ জানাচ্ছি।

আমি মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড এর সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে গৃহীত সকল কর্মসূচীর সফলতা এবং এ প্রতিষ্ঠানের সম্মৃদ্ধি ও সার্বিক মঙ্গল কামনা করছি।

**এডভোকেট মোঃ সিরাজ মিয়া**
চেয়ারম্যান
৮নং নাগরী ইউনিয়ন পরিষদ
কালীগঞ্জ, গাজীপুর